**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) সাংসদ বিপ্লব কুমার দেব আজ লোকসভায় বিভিন্ন প্রকল্প থেকে অব্যয়িত অর্থ উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির ক্ষেত্রে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ব্যবহারের দাবি জানান।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ আজ থেকে শুরু হয়েছে ।**

**(৩) লোকসভায় যৌথ সংসদীয় কমিটির প্রতিবেদন অনুযায়ী, ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫ নিয়ে আলোচনা চলছে ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনে যোগ দিতে আগামীকাল সকালে দুই দিনের থাইল্যান্ড সফরে যাবেন।**

**(৫) আগামি ৪, ৫ এবং ৬ই এপ্রিল রাজ্যের সবকটি জেলায় বজ্রপাত সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে ।**

*****************************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ লোকসভায় বিভিন্ন প্রকল্প থেকে অব্যায়িত অর্থ নির্ধারিত সময়ের পর ফেরতের বদলে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির ক্ষেত্রে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ব্যবহারের দাবিতে উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার দৃষ্টি আকর্ষণ করেন।

######Byte-Biplab Kumar Deb#####

উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া বলেন, গত তিন বছরে ৫৪টি কেন্দ্রীয় মন্ত্রালয়ের অব্যায়িত অর্থরাশি উত্তর-পূর্বাঞ্চলের

রাজ্যগুলির উন্নয়নে জন্য প্রদান করা হয়েছে। তাছাড়া, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিভিন্ন দপ্তরের কেন্দ্রীয় মন্ত্রীদের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নের জন্য অতিরিক্ত অর্থ প্রদান করার নির্দেশ দিয়েছেন। তিনি জানান, এখনো পর্যন্ত বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকের অব্যয়িত প্রায় ১ লক্ষ ২ হাজার ৩৭৪ কোটি টাকা উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের জন্য প্রদান করা হয়েছে।

#######Byte- Jyotiraditya Scindia#######

******************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক এবং উষ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ আজ থেকে শুরু হয়েছে। পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণ চৌধুরী জানান, আগরতলার নেতাজি সুভাষ বিদ্যানিকেতন এবং বড়দোয়ালী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে উষ্চ মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হচ্ছে। তাছাড়া মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হচ্ছে আগরতলার বাণী বিদ্যাপীঠ, বিজয় কুমার বালিকা বিদ্যালয়, বোধজং বালিকা বিদ্যালয় এবং কামিনী কুমার সিংহ উষ্চ মাধ্যমিক বিদ্যালয়ে। উত্তরপত্র মূল্যায়নের কাজে পর্ষদ মোট দুই হাজার একশ বিরানব্বই জন শিক্ষক শিক্ষিকাকে নিয়োজিত করেছে। তাদের মধ্যে মহাবিদ্যালয়ের বেশ কয়েকজন অধ্যাপক এবং অধ্যাপিকা ও রয়েছেন।

******************************

**Ratan Lal Nath-Inauguration :**

কৃষি মন্ত্রী রতন লাল নাথ আজ বামুটিয়ার উত্তর লক্ষ্মীলুঙ্গায় নবনির্মিত বীজ প্রক্রিয়াকরণ কেন্দ্রের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে এলাকার কৃষকদের মধ্যে বিভিন্ন ধরনের আধুনিক কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন পশ্চিম জেলার জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, প্রাক্তন বিধায়ক কৃষ্ণ ধন দাস প্রমুখ।

******************************

**Heat Weather :**

চৈত্রের শুরু থেকেই অস্বস্তিকর গরমে নাজেহাল অবস্থা। বেলা বাড়ার সঙ্গে-সঙ্গে গরমের প্রকোপ বাড়তে থাকে। এই সময়ে শরীরে জলের ঘাটতি পুরনে প্রয়োজনীয় জল পান আবশ্যিক।

অস্বস্তিকর গরম থেকে এখনই রেহাই পাচ্ছেন না রাজ্যবাসী। প্রতিদিন পারদ আরও চড়ছে। এই গরমে সুস্থ থাকতে চিকিৎসকরা চড়া রোদ এড়ানোর পরামর্শ দিচ্ছেন। জিবি হাসপাতালের সুপার ডাক্তার শঙ্কর চক্রবর্তী পরিমিত জল পান করার পাশাপাশি তেল-মশলাদার খাবার এড়িয়ে চলতে পরামর্শ দিয়েছেন।

জিবি হাসপাতালের ডেপুটি সুপার ডাক্তার কনক চৌধুরী সাময়িক ভাবে স্বস্তি পেতে নরম পানীয়, রাস্তার ধারের রঙিন শরবত এড়িয়ে চলতে পরামর্শ দিয়েছেন। তবে শসা, তরমুজ, আনারসের মতো জল জাতীয় ফল বেশি করে খেতে বলেছেন তিনি।

######Byte-Dr. Kanak Chowdhury####

********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Waqf Bill :**

লোকসভায় যৌথ সংসদীয় কমিটির প্রতিবেদন অনুযায়ী, ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫ নিয়ে আলোচনা চলছে। কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বিলটি উত্থাপন করে বলেন যে, এর সাথে মুসলিমদের ধর্মীয় রীতিনীতির কোনও সম্পর্ক নেই এবং এটি কেবল ওয়াকফ বোর্ডের সঙ্গে সম্পর্কিত সম্পত্তি সংক্রান্ত বিষয়ে। তিনি বলেন, সরকার ওয়াকফ বোর্ডগুলিকে অন্তর্ভুক্তিমূলক এবং ধর্মনিরপেক্ষ করতে চায়। তিনি আরও বলেন যে, এই আইনটি মসজিদ পরিচালনার জন্য নয়। তিনি বলেন এই আইনটি পূর্ববর্তীকালীন নয় এবং কারও সম্পত্তি বাজেয়াপ্ত করার উদ্দেশ্যে নয়।

মন্ত্রী বলেন, বর্তমান বিল অনুসারে, ওয়াকফ বোর্ডগুলিতে বিভিন্ন মুসলিম সম্প্রদায়, নারী, অমুসলিম এবং অন্যান্যদের প্রতিনিধিত্ব থাকবে। তিনি বিলটি নিয়ে বিরোধীদের বিভ্রান্ত করার অভিযোগ করেন। তিনি বলেন, বর্তমান আইনে, দেশে যে কোনও জমিকে ওয়াকফ সম্পত্তি হিসেবে ঘোষণা করার জন্য কিছু বিধানের অপব্যবহার করা হয়েছে।

########Byte- Kiren Rijiju########

বিরোধী দলের জবাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত যৌথ সংসদীয় কমিটি বিস্তারিত আলোচনার পরে বিলটি আনা হয়েছে।

তিনি বলেন, কোনও অমুসলিম ওয়াকফে আসবে না। তিনি বলেন, ধর্মীয় প্রতিষ্ঠান পরিচালনাকারী কোনও অমুসলিমকে ওয়াকফ অন্তর্ভুক্ত করার কোনও বিধান নেই। শ্রী শাহ বলেন, এটি একটি বিশাল ভুল ধারণা যে এই বিলটি মুসলমানদের ধর্মীয় আচরণে হস্তক্ষেপ করবে এবং তাদের দান করা সম্পত্তিতে হস্তক্ষেপ করবে।

তিনি বলেন, ভোট ব্যাংকের জন্য এবং নির্দিষ্ট ভোটারদের সন্তুষ্ট করার জন্য সংখ্যালঘুদের মধ্যে এই ভুল ধারণা ছড়িয়ে দেওয়া হচ্ছে।

আলোচনা শুরু করে কংগ্রেসের গৌরব গগৈ সরকারকে এই বিল সম্পর্কে জনগণকে বিভ্রান্ত করার অভিযোগ করেন। তিনি বলেন, এই বিল সংবিধান বিরোধী।

সমাজবাদী পার্টির অখিলেশ যাদব অভিযোগ করেন যে সরকার মূল্যবৃদ্ধি, বেকারত্ব, নোট বাতিল এবং অন্যান্য বিষয়গুলির সঙ্গে সম্পর্কিত ব্যর্থতা আড়াল করার জন্য এই বিলটি এনেছে।

তিনি প্রয়াগরাজে মহাকুম্ভের সময় পদদলিত হওয়ার ঘটনা এবং এই ঘটনায় মৃত্যুর সংখ্যা নিয়ে সরকারকে প্রশ্ন তোলেন।

টিএমসি সাংসদ কল্যাণ ব্যানার্জি প্রস্তাবিত আইনটিকে ভুল ধারণা, অযৌক্তিক এবং স্বেচ্ছাচারী বলে অভিহিত করেছেন।

আলোচনায় অংশ নিয়ে বিজেপির রবিশঙ্কর প্রসাদ বলেন, এই দেশ যতটা হিন্দুদের, ততটাই মুসলিমদের, এতে কোনও সন্দেহ নেই। তিনি বলেন, বিলটি ওয়াকফ বোর্ডে মহিলাদের বাধ্যতামূলক অন্তর্ভুক্তির প্রস্তাব করে, যার লক্ষ্য ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনায় স্বচ্ছতা এবং লিঙ্গ ন্যায়বিচার বৃদ্ধি করা।

টিডিপির কৃষ্ণ প্রসাদ টেনেতি বিলটিকে সমর্থন করেন। তিনি বলেন, ১কোটি ২০ লক্ষ টাকার ওয়াকফ সম্পত্তি এবং ৩৬ লক্ষ একরেরও বেশি জমি সংখ্যালঘুদের জন্য অর্থনৈতিক ও সামাজিক রূপান্তরের সুযোগ তৈরি করবে।

জেডি (ইউ) নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং (লালন) বলেন, আলোচনার শুরু থেকেই এমন পরিবেশ তৈরি করার চেষ্টা করা হয়েছে যেন বিলটি মুসলিম বিরোধী। তিনি বলেন, বিলটি মোটেও মুসলিম বিরোধী নয়। শ্রী সিং বলেন, ওয়াকফ এক ধরণের ট্রাস্ট যা মুসলিমদের স্বার্থে কাজ করার জন্য গঠিত। শেষ খবর পাওয়া পর্যন্ত আলোচনা চলছে।

*****************************************

**PM, BIMSTEC :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনে যোগ দিতে আগামীকাল সকালে দুই দিনের থাইল্যান্ড সফরে যাবেন। ২০১৬ এবং ২০১৯ সালের পর এটি হবে প্রধানমন্ত্রীর তৃতীয় থাইল্যান্ড সফর। সফরকালে, প্রধানমন্ত্রী আগামীকাল ব্যাংককে থাইল্যান্ডের প্রধানমন্ত্রী

পেটোংটার্ন সিনাওয়াত্রার সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন। তারা দ্বিপাক্ষিক সম্পর্কের সমগ্র অগ্রগতি পর্যালোচনা করবেন এবং ভারত-থাইল্যান্ড দ্বিপাক্ষিক অংশীদারিত্বকে আরও গতিশীল করার উপায় নিয়ে আলোচনা করবেন এবং আঞ্চলিক ও বহুপাক্ষিক বিষয়গুলিতে মতবিনিময় করবেন। তাদের উপস্থিতিতে বেশ কয়েকটি দ্বিপাক্ষিক নথি স্বাক্ষরিত হবে। উল্লেখ্য, আগামী  শুক্রবার অনুষ্ঠিতব্য ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনের প্রতিপাদ্য হল "বিমসটেক - সমৃদ্ধ, স্থিতিস্থাপক এবং উন্মুক্ত।"

**********************************************

**State Level Yatra Utsav :**

মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা আগামী ৯ এপ্রিল ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক যাত্রা উৎসবের উদ্বোধন করবেন। যাত্রা উৎসব চলবে ২৩শে এপ্রিল পর্যন্ত। রাজ্যের বিভিন্ন জেলা থেকে মোট ১৩টি যাত্রা দল রাজ্যভিত্তিক যাত্রা উৎসবে অংশগ্রহণ করবে। ৯ এপ্রিল থেকে যাত্রা শুরু হলেও চৈত্র সংক্রান্তি ও পয়লা বৈশাখ উপলক্ষে মাঝে ১৪ ও ১৫ এপ্রিল যাত্রাপালা অনুষ্ঠিত হবেনা।

****************************

**CPI(M) :**

CPI(M) দলের ২৪ তম পার্টি কংগ্রেস আজ থেকে তামিলনাড়ুর মাদুরাই-এ শুরু হয়েছে। পার্টি কংগ্রেসের উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন পলিটব্যুরো সদস্য মানিক সরকার। উপস্থিত ছিলেন সিপিআই-এর সাধারণ সম্পাদক ডি রাজা, সিপিআইএমএল(লিবারেশন) এর সাধারণ সম্পাদক দীপংকর ভট্টাচার্য, RSP-র সাধারণ সম্পাদক মনোজ ভট্টাচার্য, ফরওয়ার্ড ব্লকের সাধারণ সম্পাদক জি দেবরাজন।

********************************************

**CPIM :**

আজ থেকে ৬ এপ্রিল পর্যন্ত সি.পি.আই.এমের পার্টি কংগ্রেসকে সামনে রেখে রাজ্যও নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তারই অঙ্গ হিসাবে আজ আগরতলায় সি.পি.আই.এম রাজ্য কার্যালয়ে ও পশ্চিম জেলা কার্যালয়ে পতাকা উত্তোলন, আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী ভানুলাল সাহা, সি.পি.আই.এম পশ্চিম জেলা কমিটির সম্পাদক শুভাশিস গাঙ্গুলী নারী নেত্রী কৃষ্ণা রক্ষিত সহ অন্যান্য নেতৃবৃন্দ।

******************************

**Training–KVK :**

"মৎস্য ভিত্তিক সুসংহত চাষাবাদ" বিষয়ক তিনদিনের প্রশিক্ষণ কর্মসূচি আজ থেকে কৈলাশহরের কৃষি বিজ্ঞান কেন্দ্রে শুরু হয়েছে। আজ দুপুরে এই প্রশিক্ষণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকার কৃষিক্ষেত্রের উন্নতি ও কৃষকদের সার্বিক বিকাশে কাজ করছেন। এজন্য বহুবিধ কর্মধারা রূপায়িত হচ্ছে যাতে কৃষকদের আয়-উপার্জন বৃদ্ধি পায়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ঠ বিজ্ঞানী বিশ্বজিৎ বল।

*****************************

**Vasanti Puja :**

রাজ্যের বিভিন্ন অংশে বাসন্তী পূজার আয়োজন চলছে। আগামীকাল ষষ্ঠী পূজা ও বোধনের মধ্যে দিয়ে শাস্ত্র মতে বাসন্তী পূজা শুরু হবে। চিরাচরিত প্রথা অনুযায়ী আগরতলার দূর্গা বাড়িতে সরকারী উদ্যোগে এবছরও বাসন্তী পূজার আয়োজন করা হয়েছে। তাছাড়া আগরতলার আনন্দময়ী আশ্রম, বিভিন্ন ক্লাব ও বাড়ি ঘরে সাড়ম্বরে এই পূজার আয়োজন করা হয়েছে। শেষ মুহূর্তের প্রস্তুতি হিসাবে রাজধানী আগরতলার বিভিন্ন পূজা মন্ডপ ও মূর্তি পাড়ায় ব্যাস্ততা এখন তুঙ্গে।

************************

**Weather :**

আগামি ৪, ৫ এবং ৬ই এপ্রিল রাজ্যের সবকটি জেলায় বজ্রপাত সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ আগরতলা আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ পার্থ রায় এই খবর জানিয়েছেন। তিনি জানান, এই সময়ে রাজ্যে বিক্ষিপ্তভাবে প্রতি ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে পারে। গত ২৪ ঘন্টায় উত্তর জেলার কদমতলায় ১০ দশমিক ২ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। শ্রী রায় জানান, মার্চ মাসে বৃষ্টিপাত স্বাভাবিকের চেয়ে অনেক কম হয়েছে। এদিকে, আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

****************************